



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/২০৫৭

তারিখ : ২৬/১২/২০১৯ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে স্থগিতকৃত নিয়মিত ম্যানেজিং কমিটির স্থগিতাদেশ প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র : (i) অত্র বোর্ডের স্মারক নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/১৯৭১ তারিখ : ২০/১১/২০১৯ খ্রিঃ পত্র।

(ii) প্রধান শিক্ষকের ২৫/১১/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে নেত্রকোণা জেলার সদর উপজেলাধীন “দত্ত উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটি সূত্রোক্ত (i) স্মারক মোতাবেক স্থগিত করা হয়। ফলশ্রুতিতে বিদ্যালয়ের নিয়মিত ২৫ জন শিক্ষক-কর্মচারী ও ৬০ জন স্কুল অর্থায়নে নিয়োগ প্রাপ্ত শিক্ষকের বেতনাদি(বিদ্যালয় অংশ) প্রদান, বিদ্যালয়ের দৈনন্দিন ব্যয়াদি নির্বাহ ও পরীক্ষা কার্যক্রম পরিচালনা তথা বিদ্যালয়ের আর্থিক ব্যবস্থাপনায় অচলাবস্থা সৃষ্টি হয়েছে মর্মে প্রধান শিক্ষক তাঁর আবেদনে উল্লেখ করেন। এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বিদ্যালয়ে স্থগিতকৃত নিয়মিত ম্যানেজিং কমিটির স্থগিতাদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

শর্তসমূহ :

- (ক) “দত্ত প্রাথমিক বিদ্যালয়” কে “দত্ত উচ্চ বিদ্যালয়” থেকে সম্পূর্ণভাবে আলাদা করন (আর্থিক ব্যবস্থাপনাসহ)
- (খ) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের অডিট প্রতিবেদন দ্রুত দাখিলকরন
- (গ) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিবেদনে বিদ্যালয়ের আর্থিক অনিয়মের সংশ্লিষ্টতা পাওয়া গেলে পরবর্তীতে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। অধিকন্তু ভবিষ্যতে এ ধরনের আর্থিক অনিয়ম ও পরিচালনায় অব্যবস্থাপনা বিষয়ে সতর্ক করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : প্রধান শিক্ষক

দত্ত উচ্চ বিদ্যালয় (EIN: 113136)

উপজেলা : সদর, জেলা : নেত্রকোণা।

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ২০৫৭ (৫)

তারিখ : ২৬/১২/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নেত্রকোণা।
- ২। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নেত্রকোণা।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, দত্ত উচ্চ বিদ্যালয়, উপজেলা : সদর, জেলা : নেত্রকোণা।
- ৫। অফিস কপি।

Didarul Islam
26.12.2019

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।